



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৬ ডিসেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

## সাজেকে গ্রেফতারকৃত ইউপিডিএফ সদস্যকে মুক্তি

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ শুক্রবার ৬ ডিসেম্বর ২০১৯ এক বিবৃতিতে জানিয়েছেন, জেলার বাঘাইছড়ি উপজেলার সাজেকে চিদুজ্যাছড়া এলাকা থেকে গ্রেফতার হওয়া ইউপিডিএফ সদস্য সুনীল চাকমাকে (৪০) মুক্তি দেয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলের দিকে তাকে বাঘাইছড়া জোন থেকে ছেড়ে দেয়া হয় বলে তিনি জানান।

উল্লেখ্য, গত ৪ ডিসেম্বর সকাল সাড়ে ১১টার দিকে সুনীল চাকমা সাংগঠনিক কাজে চিদুজ্যাছড়া এলাকায় গেলে তাকে গ্রেফতার করা হয়।

বাংলাদেশের প্রত্যেক নাগরিকের সংগঠন করার ও সভা সমাবেশে অংশ নেয়ার সংবিধান স্বীকৃত অধিকার রয়েছে উল্লেখ করে সচল চাকমা বলেন, তাকে সম্পূর্ণ অন্যায়াভাবে ও বেআইনিভাবে গ্রেফতার করা হয়েছিল।

তিনি অবিলম্বে মানবাধিকার লঙ্ঘন বন্ধ করা, জেলে আটক ইউপিডিএফ নেতাকর্মী ও সমর্থকদের মুক্তি দান এবং পার্বত্য চট্টগ্রামে শান্তিপূর্ণ গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।